

সীমিত



বর্ডার গার্ড বাংলাদেশ
সেক্টর সদর দপ্তর, খুলনা

৬০০০ বর্গফুট ফ্লোর স্পেস সমৃদ্ধ নবনির্মিত তিনতলা ভবন ভাড়া জন্য দরপত্র বিজ্ঞপ্তি

১। খুলনা, খালিশপুর নতুন রাস্তার দক্ষিণে খালিশপুর-বয়রা মহাসড়ক সংলগ্ন স্থানে অত্যন্ত মনোরম, নিরাপদ ও বাণিজ্যিক দৃষ্টিকোণ হতে আকর্ষণীয় পরিবেশে অবস্থিত বিজিবির নিজস্ব অর্থায়নে নবনির্মিত ০৩ (তিন) তলা একটি ভবন (৬০০০ বর্গফুট ফ্লোর স্পেস সমৃদ্ধ) কমিউনিটি সেন্টার/বাণিজ্যিক ব্যাংক/বীমা ও আর্থিক প্রতিষ্ঠান/অফিস/শো-রুম/মার্কেট/শপিংমল হিসেবে মাসিক ভিত্তিতে ভাড়া দেয়া হবে। আগ্রহী বাংলাদেশী প্রতিষ্ঠান/সংস্থা/ব্যবসায়ীবৃন্দকে উক্ত ভবনের অবস্থান সরেজমিনে পরিদর্শন করে স্ব স্ব লেটার হেডে মুদ্রিত দর প্রস্তাব মুখবন্দ খামে খুলনা ব্যাটালিয়ন (২১ বিজিবি)-এর অধিনায়কের অফিসে রক্ষিত টেন্ডার বাক্সে আগামী ২৫ নভেম্বর ২০১৮ তারিখ ১২০০ ঘটিকার মধ্যে দাখিল করতে পারবেন। উল্লেখ্য, দরপত্র ঐদিনই ১৪০০ ঘটিকায় দর দাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র কার্যক্রমে অংশগ্রহণের জন্য শর্তসমূহ নিম্নরূপ :

- ক। বিজ্ঞপ্তি প্রকাশের পর নবনির্মিত ভবনটি সরেজমিনে পরিদর্শন করে দরপত্র কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবেন।
 - খ। নবনির্মিত ভবনটির সুযোগ-সুবিধা সংক্রান্ত প্রয়োজনীয় বিষয়সমূহ খুলনা ব্যাটালিয়ন (২১ বিজিবি)-এর প্রধান কার্যালয়ে প্রতিদিন (ছুটির দিন ব্যতীত) সকাল ০৮০০ ঘটিকা হতে ১৪০০ ঘটিকা পর্যন্ত জানা যাবে।
 - গ। নবনির্মিত ভবনটি কমিউনিটি সেন্টার, কমার্শিয়াল ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান, অফিস, শো-রুম, মার্কেট এবং শপিংমল হিসেবে ভাড়া প্রদান করা হবে।
 - ঘ। অধিনায়ক, খুলনা ব্যাটালিয়ন (২১ বিজিবি)-এর অনুকূলে নিরাপত্তা জামানত হিসেবে ৫,০০০/- (পাঁচহাজার) টাকার একটি ব্যাংক ড্রাফট দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে যা অকৃতকার্য দরপত্রদাতাগণকে দরপত্র কার্যক্রম শেষে ফেরৎ প্রদান করা হবে।
- ২। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে উক্ত দরপত্র সংক্রান্ত যাবতীয় কার্যক্রম যেকোন সময় বাতিল বা স্থগিত করার সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন।

ওয়েব সাইট - www.bgb.gov.bd

পরিচালক
খুলনা ব্যাটালিয়ন (২১ বিজিবি)
উপ মহাপরিচালকের পক্ষে

সীমিত